

## সংবাদ বিবৃতি

রিফাত হত্যা মামলার প্রধান আসামি পুলিশের সাথে কথিত বন্দুকযুদ্ধে নিহত :  
হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)'র গভীর উদ্বেগ এবং সকল কথিত  
বন্দুকযুদ্ধের বিচারিক তদন্তের দাবি

[ঢাকা, ০৪ জুলাই ২০১৯] ২ জুলাই ২০১৯ ভোর সোয়া চারটার দিকে বরগুনা সদরের বুড়িরচর ইউনিয়নের পূর্ব বুড়িরচর গ্রামে প্রকাশ্য দিবালোকে কুপিয়ে রিফাত শরীফ হত্যা মামলার প্রধান আসামি সাক্বির আহমেদ ওরফে নয়ন বন্ড, পুলিশের সাথে কথিত 'বন্দুকযুদ্ধে' নিহত হয়েছেন বলে বিভিন্ন গণমাধ্যমে পুলিশের প্রাতিষ্ঠানিক অবস্থানসূত্রে প্রকাশিত হয়েছে। এ ঘটনায় এইচআরএফবি গভীর উদ্বেগ প্রকাশ করছে।

এইচআরএফবি এ ধরনের প্রধান আসামির এভাবে নিহত হওয়ার পিছনে সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের অদক্ষতা, ক্ষমতার অপব্যবহার নাকি আসামির সাথে সমভাবে জড়িত বা আরো কোনো মহলকে সুরক্ষা দেবার কৌশল কাজ করেছে কিনা এ প্রশ্ন উত্থাপিত হওয়া স্বাভাবিক বলে মনে করছে ফোরাম। কোনো অপরাধীরই নির্বিচারে কথিত বন্দুকযুদ্ধের মাধ্যমে নিহত হবার ঘটনা আইনের শাসনের পরিচায়ক নয়। ফোরাম একদিকে সুষ্ঠু ও দ্রুততর বিচার প্রক্রিয়ার মধ্য দিয়ে যেকোনো অপরাধের ন্যায়বিচার নিশ্চিত করার প্রয়োজনীয়তার ওপর জোর দিচ্ছে, অন্যদিকে নয়নসহ এ ধরনের অন্যান্য বন্দুকযুদ্ধ ও তাতে নিহত হওয়ার সব ঘটনার রহস্য উদঘাটন, জড়িতদের ন্যায়বিচার ও কথিত বন্দুকযুদ্ধের বিকাশমান সংস্কৃতির অবসানকল্পে বিচার বিভাগীয় তদন্তের দাবি জানাচ্ছে।

সাম্প্রতিক সময়ে যেকোনো চাঞ্চল্যকর অপরাধের প্রধান অভিযুক্তদের পুলিশের সাথে কথিত বন্দুকযুদ্ধে নিহত হওয়ার খবর পাওয়া যাচ্ছে। এছাড়া নিয়মিত বিরতিতে মাদকবিরোধী অভিযান কিংবা নানা অভিযানে বন্দুকযুদ্ধে সন্দেহভাজনরা নিহত হচ্ছেন যা অত্যন্ত উদ্বেগজনক বলে ফোরাম মনে করে। আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর তথ্য অনুযায়ী, এ বছরের প্রথম ছয় মাসে ২০৪ জন ব্যক্তি বন্দুকযুদ্ধে নিহত হয়েছেন। ফোরাম সবসময় সুষ্ঠু আইনি ও বিচারিক প্রক্রিয়া সম্পন্ন করে যেকোনো অপরাধীকে তার প্রাপ্য শাস্তি প্রদানের ওপর জোর দিয়ে আসছে। কোনো অপরাধ ঘটলে তাৎক্ষণিকভাবে আইনগত পদক্ষেপ নেওয়ার মাধ্যমে সংক্ষুদ্ধ ব্যক্তির ন্যায়বিচার প্রাপ্তি নিশ্চিত করা জরুরী। সকলেরই বিচারিক প্রক্রিয়ার মধ্য দিয়ে আত্মপক্ষ সমর্থনের মাধ্যমে ন্যায়বিচার প্রাপ্তির অধিকার রয়েছে। দেশের সংবিধানে প্রতিটি ব্যক্তির জীবন, নিরাপত্তা আর ন্যায়বিচার লাভের অধিকার স্বীকৃত। এর ব্যত্যয় ঘটলে তা প্রচলিত আইন ও বিচারব্যবস্থার কার্যকারিতাকে প্রশ্নবিদ্ধ করে, আইনের শাসনকে বাধাগ্রস্ত করে এবং জনগণের মধ্যে আস্থাহীনতা তৈরি করে, যা রাষ্ট্রের জন্য কোনোভাবেই মঙ্গলজনক নয়। ফোরাম এসব বন্দুকযুদ্ধ বন্ধ করার জোর দাবি জানায়। ফোরাম দৃঢ়ভাবে বিশ্বাস করে একটি মানবাধিকারভিত্তিক রাষ্ট্র গড়ে তুলতে জবাবদিহিতার বিকল্প নেই।

### Secretariat:

Ain o Salish Kendra (ASK), 2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).